গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
উপজেলা কার্যালয়
ভালুকা, ময়মনসিংহ
doict.bhaluka.mymensingh.gov.bd

**উপজেলা সাইবার অপরাধ প্রতিরোধ কমিটির জুন/২০২৬ মাসের সভার কার্যবিবরণী।**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ ফিরোজ হোসেন<br>উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা সাইবার অপরাধ প্রতিরোধ কমিটি |
| সভার তারিখ | ০৩ জুন ২০২৬ খ্রি. |
| সভার সময় | ১১: ৪৫টায় |
| স্থান | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে উপজেলা সাইবার অপরাধ প্রতিরোধ কমিটির সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সভাপতি মহোদয় সাইবার অপরাধ সম্পর্কে বিভিন্ন বিষয়ে আলোকপাত করেন। অতঃপর সভায় নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

১। সভার আলোচনা এবং সিদ্ধান্ত:

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল প্রতিরোধে সচেতনামূলক কার্যক্রম। | ভালুকা উপজেলায় যেন কোন সাইবার অপরাধের ঘটনা না ঘঠে সে জন্য সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইল প্রতিরোধে উপজেলার সকল স্কুল, কলেজ, মাদরাসা এবং বিভিন্ন প্রশিক্ষণ প্রতিষ্ঠান সমূহে সচেতনামূলক কার্যক্রম যেমন আলোচনা সভা, সেমিনার, উঠান বৈঠক এবং কর্মশালা আয়োজন করা প্রয়োজন। প্রতিটি কলেজে ০১টি করে সেমিনার আয়োজন করা এবং স্কুল/মাদরাসায়/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে আলোচনা সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার<br>ও<br>অধ্যক্ষ/ সুপার/ প্রধান শিক্ষক সকল শিক্ষা প্রতিষ্ঠান, ভালুকা, ময়মনসিংহ |
| ০২ | সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইলের শিকারগ্রস্থদের আইনি সহায়তা প্রদান। | ভালুকা উপজেলায় কোন ব্যক্তি সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইলের শিকার হলে শিকারগ্রস্থদের আইনি সহায়তা প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। শিকারগ্রস্থদের আইনি সহায়তা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ভারপ্রাপ্ত কর্মকর্তা ভালুকা থান<br>ও<br>উপজেলা আইসিটি অফিসার ভালুকা, ময়মনসিংহ |
| ০৩ | সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইলের শিকারগ্রস্থদের জীবনযাপন স্বাভাবিক করণের সহায়তা প্রদান। | ভালুকা উপজেলায় সাইবার অপরাধ, সাইবার বুলিং ও ব্ল্যাকমেইলের শিকার হলে শিকারগ্রস্থদের জীবনযাপন স্বাভাবিক করণের ক্ষেত্রে সহায়তা প্রদানের বিষয়ে সভায় আলোচনা করা হয়। শিকারগ্রস্থদের জীবনযাপন স্বাভাবিক করণের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা আইসিটি অফিসার |

| | | | |
|---|---|---|---|
| ০৪ | বিবিধ | সভাপতি মহোদয় থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মহোদয়কে ভালুকা উপজেলায় কোন সাইবার অপরাধ সংঘটিত হলে উক্ত সাইবার অপরাধের জন্য কোন মামলা দায়ের হলে এবং কোন ব্যক্তি সাইবার অপরাধের শিকার হলে কমিটিকে অবহিত করার জন্য অনুরোধ করেন।<br><br>এছাড়াও, সভাপতি মহোদয় সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহার করে মিথ্যা, ভুয়া ও আপত্তিকর সংবাদ প্রচার করে মানহানিকর পোস্ট করা হলে এই মিথ্যা, ভুয়া ও আপত্তিকর সংবাদ প্রচারণের বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করেন। | উপজেলা আইসিটি অফিসার ও ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভালুকা থানা |

০৩। অতঃপর, সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০১-০৭-২০২৬
মোঃ ফিরোজ হোসেন
উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি,
উপজেলা সাইবার অপরাধ প্রতিরোধ কমিটি

**নম্বর:** ৫৬.০৪.৬১১৩.০০০.০০১.০৬.০০০২.২৫.৩৯

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩৩ / ০১ জুলাই ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
২। উপপরিচালক, প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৩। থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা, ভালুকা মডেল থানা, ময়মনসিংহ।
৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভালুকা, ময়মনসিংহ।
৫। অধ্যক্ষ, ভালুকা সরকারি কলেজ, ভালুকা , ময়মনসিংহ।
৬। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ।
৭। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস,ভালুকা,ময়মনসিংহ।
৮। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, উপজেলা শিক্ষা অফিস, ভালুকা, ময়মনসিংহ।
৯। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়, উপজেলা সমাজসেবা কার্যালয়,ভালুকা,ময়মনসিংহ।
১০। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার দপ্তর, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, ভালুকা,ময়মনসিংহ।
১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
১২। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), ভালুকা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
১৩। শিক্ষক সমিতির সভাপতি (প্রাথমিক ও মাধ্যমিক), ভালুকা, ময়মনসিংহ।
১৪। জনাব আসাদুজ্জামান সুমন, সাংবাদিক, ভালুকা প্রেসক্লাব।

০৫-০৭-২০২৬
ইয়াসমিন আক্তার
উপজেলা আইসিটি অফিসার ও সদস্য সচিব
উপজেলা সাইবার অপরাধ প্রতিরোধ কমিটি